চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ১৪ মে ২০১৮ খ্রি.

ভ্রাম্যমান আদালত ও ক্রোকী পরোয়ানার মাধ্যমে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বকেয়া গৃহকর আদায় কার্যক্রম শুরু

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার ও স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে ১৪ মে ২০১৮ খ্রি. সকালে চট্টগ্রাম মহানগর এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে দেওয়ান বাজার ওয়ার্ডের কোরবীগঞ্জ মহল্লার হোল্ডিং নং-২৭২/৩২৬ এর মালিক জনাব ওয়াসিম রেজা ও সেলিম রেজা পিতা-মরহুম হরমুজ আলীর বকেয়া গৃহকর বাবদ ১ লক্ষ ৪৩ হাজার ৯ শত ৫০ টাকা সংশ্লিষ্ট রাজস্ব সার্কেল এর কর আদায়কারী, উপ কর কর্মকর্তা ও টাস্কফোর্স টিমকে বার বার পরিশোধের প্রতিশ্রুতি দিয়েও কর পরিশোধ না করায় ক্রোকী পরওয়ানা জারী পূর্বক অদ্য এক ঘন্টার নোটিশে মোবাইল কোর্টের মাধ্যমে উল্লেখিত বকেয়া করের মধ্যে ৩০ হাজার ১ শত ২৪ টাকা নগদ এবং অবশিষ্ঠ ৯৭ হাজার সাউথ ইষ্ট ব্যাংক লিমিটেড, খাতুনগঞ্জ শাখার চেক মূলে আদায় করা হয়। একই অভিযানে কাজেম আলী রোডে রাস্তার উপর ট্রাক দাড় করিয়ে যানজটের মাধ্যমে জনদূর্ভোগ সৃষ্টি করে মাল বোঝাই করার দায়ে মো.আজাদ হোসেনকে ৫ হাজার, সিটি কর্পোরেশনের ট্রেড লাইসেন্স প্রদর্শনে ব্যর্থ হওয়ায় অহিদুর রহমানকে ১ হাজার, আবদুল খালেককে ১ হাজার, দেলোয়ার ষ্টোরকে ১ হাজার, শাহ আমানত ঝাল বিতানকে ১ হাজার এবং নন্দিতা হেয়ার সেলুনকে ১ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মহানগর পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

চট্টগ্রাম- ১৪ মে ২০১৮খ্রি.

৪১নং দক্ষিণ পতেঙ্গা ওয়ার্ড আওয়ামীলীগের কর্মী সম্মেলন ও সদস্য নবায়ন অনুষ্ঠানে স্বাধীনতা বিরোধী ও রাষ্ট্রিয় সম্পদ লুন্ঠনকারী,সন্ত্রাসীদের গডফাদারদের বিরুদ্ধে রুখে দাড়ান। মাহতাব উদ্দিন চৌধুরী খাটি আদর্শবান নেতাকর্মী ছাড়া দলের ভাবমূর্তি সুরক্ষা এবং রাষ্ট্রীয় ক্ষমতা পরিচালনা করা সম্ভব নয়- আ জ ম নাছির উদ্দীন

৪১নং দক্ষিণ পতেঙ্গা ওয়ার্ড আওয়ামীলীগের কর্মী সম্মেলন ও সদস্য নবায়ন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের ভারপ্রাপ্ত সভাপতি মাহতাব উদ্দিন চৌধুরী বলেন, স্বাধীনতা বিরোধী ও রাষ্ট্রিয় সম্পদ লুন্ঠনকারী,সন্ত্রাসীদের গডফাদারদের বিরুদ্ধে রুখে দাড়ান। তিনি দূর্দিন দুঃসময়ে

এবং সংগঠনের কঠিন সময়ে যারা মুজিব আদর্শকে বুকে ধারন করে গণতন্ত্রের জন্য স্বৈরাচার সাম্প্রদায়িকতার বিরুদ্ধে ভূমিকা পালন করেছে তাদেরকে নতুন সদস্য মনোনীত করার আহবান জানান। অনুষ্ঠানের প্রধান আলোচক চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীন বলেন, মীরজাফর, চরিত্রহীন, লম্পট ও মাদকাসক্তরা দেশ ও জাতির দুশমন। এ জাতীয় চরিত্রের কোন ব্যক্তি বাংলাদেশ আওয়ামীলীগে স্থান নেই। সুযোগ সন্ধানী, সুবিধাভোগী, সুসময়ে নেতা কর্মী সেজে যারা দলকে বিপথে পরিচালিত করার সুযোগ খোজে তাদেরকে সদস্য করার কোন সুযোগ নেই। যাচাই-বাছাই করে খাটি আদর্শের কর্মী খুঁজে বের করে নতুন সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে। মনে রাখতে হবে ১৯৭১ সনে যারা স্বাধীনতার বিরুদ্ধে, বঙ্গবন্ধু ও আওয়ামীলীগের বিরুদ্ধে অবস্থান নিয়ে পাকিস্তানীদের পক্ষ অবলম্বন করে এ দেশের মা-বোনের ইজ্জ্বত হরণ, হত্যা, গণহত্যা, অগ্নিসংযোগ ও মানবতা বিরোধী অপকর্মে লিপ্ত ছিল তাদের কোন সন্তান বা অনুসারী সদস্য নবায়ন ও নতুন সদস্য হয়ে যাতে দলে অনুপ্রবেশ করতে না পারে সেদিকে নেতাকর্মীদের সজাগ দৃষ্টি রাখতে হবে। মনে রাখতে হবে খাটি আদর্শবান নেতাকর্মী ছাড়া দলের ভাবমূর্তি সুরক্ষা এবং রাষ্ট্রীয় ক্ষমতা পরিচালনা করা সম্ভব নয়। জনাব আ জ ম নাছির উদ্দীন বলেন, বর্তমান বাংলাদেশ প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাত ধরে মহাকাশ জয় করেছে। জল, স্থল ও আকাশ পথে এখন বাংলাদেশের বিচরণ। দেশ আন্তর্জাতিক ভাবে সমৃদ্ধি ও সুনাম অর্জন করেছে। ২০৪১ সনের মধ্যে বাংলাদেশ উন্নত ও সমৃদ্ধ রাষ্ট্রে উপনীত হবে। চলমান এই অর্জন সামনে এগিয়ে নিতে আওয়ামীলীগের নেতাকর্মীদের আরো দায়িত্ববান হতে হবে। সে জন্য বঙ্গবন্ধুর আদর্শ ঘরে ঘরে পৌছে দিতে হবে। ১৪ মে ২০১৮খ্রি. সোমবার, বিকেলে হাফেজ মোবারক আলী সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত কর্মী সম্মেলন ও সদস্য নবায়ন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ৪১নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি ও কাউন্সিলর আলহাজ্ব ছালেহ আহমদ চৌধুরী। সংগঠনের সাধারণ সম্পাদক নুরুল আলমের উপস্থাপনায় অনুষ্ঠিত কর্মী সম্মেলনে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সহ সভাপতি সাবেক ছাত্রনেতা আলহাজ্ব খোরশেদ আলম সুজন। এতে আরো বক্তব্য রাখেন চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের ধর্ম বিষয়ক সম্পাদক জহুর আহমদ, নির্বাহী সদস্য নুরুল আলম, কামরুল হাসান বুলু, রোটারিয়ান মো. ইলিয়াছ, পতেঙ্গা থানা আওয়ামীলীগের যুগ্ম আহবায়ক এ এস এম ইসলাম, ৪১ নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক নুরুল আলম, চট্টগ্রাম মহানগর ছাত্রলীগের সভাপতি ইমরান আহমেদ ইমু, ৪১ নং ওয়ার্ড আওয়ামীলীগ নেতা নুরুল আলম টেন্ডল, ওয়াহিদুল আলম, আবদুল গফুর, মোহাম্মদ আলী, সম্পাদক মন্ডলীর সদস্য মো. সেলিম, আলমগীর আলম, আলমগীর হাসান, ওয়ার্ড আওয়ামীযুবলীগ সভাপতি মঈনুল ইসলাম, স্বেচ্ছাসেবকলীগ সাধারন সম্পাদক আশরাফ খোকন, ৪১ নং ওয়ার্ড ছাত্রলীগের আহবায়ক মো. সোহেল সহ অন্যরা। কর্মী সম্মেলন ও সদস্য নবায়ন অনুষ্টানে বিশেষ অতিথির বক্তব্যে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সহ সভাপতি সাবেক ছাত্রনেতা আলহাজ্ব খোরশেদ আলম সুজন বলেন, আওয়ামীলীগের সদস্য হওয়া গর্ব ও অহংকারের বিষয় এ সংগঠনটি জাতির

পিতা বঙ্গবন্ধুর নেতৃত্বে স্বাধীনতা ও গণতন্ত্র এনে দিয়েছে। তিনি স্বাধীনতা ও গণতন্ত্রকে অর্থবহ করার জন্য প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করার আহবান জানান। তিনি আরো বলেন, স্বাধীনতা বিরোধী, মানবতা বিরোধী এবং যুদ্ধাপরাধীদেরকে রাজনৈতিক ও সামাজিকভাবে প্রতিহত করে দেশকে সামনের দিকে এগিয়ে নিতে হবে। অনুষ্ঠান শেষে মহানগর আওয়ামীলীগের সভাপতি মাহতাব উদ্দিন চৌধুরী ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এবং সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন সংগঠনের সভাপতি, সাধারণ সম্পাদক ও উর্ধ্বতন নেতৃবৃন্দের হাতে সদস্য ফরম তুলে দেন।

চট্টগ্রাম- ১৪ মে ২০১৮ খ্রি.

চসিক উন্নয়ন ও সেবাধর্মী কাজ নির্বাচিত কাউন্সিলর এর মাধ্যমে সম্পাদিত হবে ৩৬ নং গোসাইলডাঙ্গা ওয়ার্ডে উপ নির্বাচনে নির্বাচিত ওয়ার্ড কাউন্সিলর এর দায়িত্বভার গ্রহণ অনুষ্ঠানে মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, ৩৬ নং গোসাইলডাঙ্গা ওয়ার্ডে কাউন্সিলর পদে উপ নির্বাচনে দলীয় কোন প্রার্থীকে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগ মনোনয়ন না দেয়া সত্বেও একজন সাংসদ নির্বাচনী আচরণবিধি লংঘন করে নগ্নভাবে নির্বাচনকে প্রভাবিত করার প্রচেষ্টা চালিয়েছিল। যা গ্রহণযোগ্য ছিল না। মেয়র বলেন, অবাধ, নিরপেক্ষ ও সুষ্ঠ নির্বাচনের মধ্য দিয়ে জনগণের ভোটে নির্বাচিত কাউন্সিলর জাহাঙ্গীর আলম চৌধুরী শপথ গ্রহণ করে আজ দায়িত্ব গ্রহণ করল। তার উপর জনগণের আস্থা ও বিশ্বাস ছিল বলেই তিনি ৪র্থ বারের মত কাউন্সিলর পদে নির্বাচিত হয়েছেন-যা বিরল ঘটনা। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের যাবতীয় উন্নয়ন ও সেবাধর্মী কাজ নির্বাচিত কাউন্সিলর এর মাধ্যমে সম্পাদিত হবে এ ক্ষেত্রে কোন ধরনের পক্ষপাতিত্ব থাকবে না। নির্বাচিত প্রতিনিধি হিসেবে দায়বদ্ধতা থেকে তাকে জনগণের সেবা শতভাগ তাদের দোরগোড়ায় পৌঁছে দিতে হবে। মেয়র বলেন, আগামী ২ বছর জাহাঙ্গীর আলমের মাধ্যমে ৩৬ নং গোসাইলডাঙ্গা ওয়ার্ডে উন্নয়ণ,পরিচ্ছন্নতা, আলোকায়ন, শিক্ষা ও স্বাস্থ্য সেবা পরিচালিত হবে। এসময়ের মধ্যে অত্র ওয়ার্ডের অলিগলি রাজপথ শতভাগ উন্নয়ন সহ আলোকিত করা হবে। তিনি এলাকাবাসী সকলকে সেবা ও উন্নয়নের কাজে সহযোগিতার আহবান জানান। ১৩ মে ২০১৮ খ্রি. রবিবার, বিকেলে ৩৬ নং গোসাইলডাঙ্গা ওয়ার্ডের বেচাশাহ জামে মসজিদের নিচতলায় ৩৬ নং গোসাইলডাঙ্গা ওয়ার্ডের নবনির্বাচিত কাউন্সিলর জাহাঙ্গীর আলম চৌধুরীর দায়িত্বগ্রহণ ও ওয়ার্ড কার্যালয় উদ্বোধন উপলক্ষে অনুষ্ঠিত সুধি সমাবেশে প্রধান অতিথির ভাষনে মেয়র এ আহবান জানান। নির্বাচিত কাউন্সিলর জাহাঙ্গীর আলম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সুধি সমাবেশে বক্তব্য রাখেন আওয়ামীলীগ নেতা জসিম উদ্দিন চৌধুরী,নিধু পালিত, নুর হোসেন, যুবলীগের সাধারণ সম্পাদক টিসু মল্লিক, বন্দর ট্রাক মালিক এসোসিয়েশনের যুগ্ম সাধারন সম্পাদক আবু তালেব সোহেল, এসকান্দর ফারুক, এনতাজ মিয়া, হাজী সিরাজদৌল্লা, ফিরোজ মিয়া, নূরউদ্দিন জাহেদ রাজু, মো. ওয়াহিদ, ছাত্রলীগ নেতা মো. সাদ্দাম হোসেন, তমিজুর রহমান, মো. ফরিদ। সভার

শুরুতে পবিত্র কোরআন থেকে তেলোয়াত করেন বেচাশাহ মসজিদের খতিব আলহাজ্ব মুজিবর রহমান। অনুষ্ঠান পরিচালনা করেন ওয়ার্ড যুবলীগের সাধারণ সম্পাদক টিসু মল্লিক। অনুষ্ঠানে মহানগর আওয়ামীলীগের সদস্য বেলাল আহমদ,মোরশেদ আলম,নুরুন নবী লিটন সহ আওয়ামীলীগ,আওয়ামীযুবলীগ, ছাত্রলীগ সহ নানা শ্রেনী ও পেশার নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। সুধি সমাবেশের পর মেয়র নির্বাচিত কাউন্সিলর জাহাঙ্গীর আলম চৌধুরীকে সাথে নিয়ে ওয়ার্ড কার্যালয় উদ্বোধন শেষে তাকে দায়িত্ব বুঝিয়ে দেন। উল্লেখ্য যে, ৩৬ নং গোসাইলডাঙ্গা ওয়ার্ডের নির্বাচিত কাউন্সিলর হাবিবুল হকের মৃত্যুজণিত কারনে উক্ত ওয়ার্ডে ২৯ মার্চ ২০১৮ খ্রি. অনুষ্ঠিত উপ নির্বাচনে ৪র্থবারের মত কাউন্সিলর পদে জাহাঙ্গীর আলম চৌধুরী নির্বাচিত হন। গত ১০ মে ২০১৮ খ্রি. স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নিকট শপথ গ্রহণ শেষে ১৩ মে দায়িত্ব গ্রহণ করেন জাহাঙ্গীর আলম চৌধুরী।

চট্টগ্রাম- ১৪ মে ২০১৮খ্রি.

চসিক পরিচালিত জেনারেল হাসপাতালের ডাক্তার ও নার্সদের সাথে বৈঠক এবং হাসপাতাল পরিদর্শনে মেয়র চসিক জেনারেল হাসপাতালকে অত্যাধুনিক হাসপাতালে পরিণত করতে পরিকল্পনা গ্রহন করা হয়েছে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত জেনারেল হাসপাতালকে অত্যাধুনিক হাসপাতালে পরিণত করতে পরিকল্পনা গ্রহন করা হয়েছে। তাঁর এই পরিকল্পনা পূর্ণাঙ্গ বাস্তবায়নে ডাক্তার ও নার্সদের এগিয়ে আসতে হবে। চিকিৎসা সেবায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সুনাম ও সুখ্যাতি প্রজন্ম পরম্পরায় পৌছে দিতে সেবার মানসিকতা নিয়ে ডাক্তার ও নার্সদের নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করতে হবে। জনাব আ জ ম নাছির উদ্দীন বলেন, অবহেলিত স্বাস্থ্যসেবাকে আধুনিক স্বাস্থ্যসেবায় পরিণত করার লক্ষে জেনারেল হাসপাতালে দন্ত, চক্ষু বিভাগ চালুসহ প্রতিবন্ধী কর্ণার স্থাপন, ডাক্তার ও নার্স নিয়োগ, আধুনিক যন্ত্রপাতি সংযোজনসহ বহুমুখী উদ্যোগ গ্রহন করা হয়েছে। এ ছাড়াও মাত্র ১০ টাকার বিনিময়ে সাধারণ নাগরিকদের স্বাস্থ্যসেবা দিচ্ছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। এর ফলে প্রতিদিনই চসিক পরিচালিত সকল স্বাস্থ্যকেন্দ্রে রোগীদের উপস্থিতি বৃদ্ধি পাচ্ছে। বছরে প্রায় ১৩ কোটি টাকা ভতুর্কি দিয়ে পরিচালিত স্বাস্থ্যসেবাকে জনগণের দোড়গোড়ায় পৌছে দিতে চলমান প্রয়াসে সকলের সহযোগিতা চান মেয়র। তিনি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্বাস্থ্যসেবা অনলাইন, ফেইসবুক ও প্রচার মাধ্যমে ব্যাপক হারে প্রচারের উদ্যোগ গ্রহন করার নির্দেশ দেন। মেয়র বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন ৭৮টি সেবা কেন্দ্রের মাধ্যমে মা ও শিশু স্বাস্থ্যসেবা, সাধারণ রোগীর সেবা, টিকাদান কর্মসূচি, বস্তিবাসীসহ নানা ক্ষেত্রে নাম মাত্র মূল্যে স্বাস্থ্যসেবা দিয়ে যুগান্তকারী ইতিহাস সৃষ্টি করেছে। তিনি চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত স্বাস্থ্যসেবায় স্বাস্থ্য মন্ত্রণালয়ের সহযোগিতা প্রত্যাশা করেন।

১৪ মে ২০১৮ খ্রি. সোমবার, সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত জেনারেল হাসপাতাল পরিদর্শন শেষে ডাক্তার, নার্স এবং কর্মচারীদের সমাবেশে প্রধান অতিথির ভাষনে এসব কথা বলেন। মেয়র আ জ ম নাছির উদ্দীন সকাল সাড়ে ১০ টায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন জেনারেল হাসপাতালে গিয়ে হাসপাতালের ১ম তলা থেকে ৬ষ্ঠ তলা পর্যন্ত প্রত্যেকটি বিভাগ ও সেবার কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেন। এ সময় তিনি সাধারণ রোগীর চিকিৎসা, দন্ত ও চক্ষু চিকিৎসা, গর্ভবতী চিকিৎসা, শিশু চিকিৎসা, বিভিন্ন এক্সরে কার্যক্রম ও যন্ত্রপাতির ব্যবহার খতিয়ে দেখেন। মেয়র প্রসূতি মা'দের সাথে কথা বলেন এবং সাধারণ রোগীদের সাথেও চিকিৎসার মান সম্পর্কে মতবিনিময় করেন। এ সময় কাউন্সিলর তারেক সোলায়মান সেলিম, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আক্তার চৌধুরী, স্বাস্থ্য কর্মকর্তা ডা. মোহাম্মদ আলী, ডা. প্রীতি বড়–য়া, ডা. আর পি আসিফ খান, ডা. সুশান্ত বড়–য়া, ডা. পলাশ দাশ, ডা. রহিমা খাতুন, ডা. দিপা ত্রিপুরা, ডা. হোসনে আরা, ডা. জুয়েল মহাজন ও স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা মো. আবদুর রহিমসহ জেনারেল হাসপাতালের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ১৪ মে ২০১৮খ্রি.

সাবেক কমিশনার ও বীর মুক্তিযোদ্ধা মো. কবির আহমদ প্রকাশ- বিডিআর কবির এর মৃত্যুতে মেয়রের শোক

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন ২৫ নং রামপুর ওয়ার্ডের সাবেক কমিশনার, বীর মুক্তিযোদ্ধা মো. কবির আহমদ প্রকাশ বিডিআর কবির এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেন। তিনি ১৪ মে ২০১৮ খ্রি. সোমবার, এক শোক বার্তায় মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোক সন্তপ্ত পরিবার পরিজনের প্রতি সমবেদনা জানান।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন